# পাবনা হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল

লস্করপুর, পাবনা

(স্থাপিত-১৯৭৩)

প্রতিষ্ঠার তারিখ: ১৫/১০/১৯৭৩ খ্রিঃ — স্বীকৃতির তারিখ: ০৫/১২/১৯৭৪খ্রি.

স্মারক নং- পাহোমেক/পাব/১৮৫ — তারিখ: ২৫/১০/২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ হোমিওপ্যাথিক বোর্ড রেগুলেশন ১৯৮৫ এবং বোর্ড অনুমোদিত সংশোধিত নিয়োগ বিধি ২০১৩ ও প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক পাবনা হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালে নিম্নোক্ত শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও পদ সংখ্যা | বেতন স্কেল | বয়সসীমা | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | প্রভাষক<br>০৩ (তিন) জন | ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি ৫৪০×১১-২০৩৭০/- | অনূর্ধ্ব ৩২ বছর | ০১। স্বীকৃত প্রতিষ্ঠান হতে হোমিওপ্যাথিতে ডিগ্রী (বিএইচএমএস) সহ হোমিওপ্যাথিক চিকিৎসা পেশায় কমপক্ষে ১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অথবা<br>০২। স্বীকৃত প্রতিষ্ঠান হতে হোমিওপ্যাথিতে ডিপ্লোমা (ডিএইচএমএস) সহ হোমিওপ্যাথিক চিকিৎসা পেশায় কমপক্ষে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>০৩। এলাইড বিষয় সমূহের ক্ষেত্রে বিএইচএমএস/এমবিবিএস ডিগ্রীসহ চিকিৎসা পেশায় কমপক্ষে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অনুমোদিত প্রতিষ্ঠান হতে হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষায় কমপক্ষে ১ (এক) বছর মেয়াদী উচ্চতর প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী বা উচ্চতর ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ২ | মেডিকেল অফিসার (এমও)<br>০১ (এক) জন | ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি ৫৪০×১১-২০৩৭০/- | অনূর্ধ্ব ৩২ বছর | ০১। স্বীকৃত প্রতিষ্ঠান হতে হোমিওপ্যাথিতে ডিগ্রী (বিএইচএমএস) চিকিৎসক রেজিস্ট্রেশনসহ হোমিওপ্যাথিক চিকিৎসায় কমপক্ষে ১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে অথবা<br>০২। স্বীকৃত হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ হতে হোমিওপ্যাথিতে ডিপ্লোমা (ডিএইচএমএস) চিকিৎসক রেজিস্ট্রেশনসহ এএমও হিসেবে কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>০৩। অনুমোদিত প্রতিষ্ঠান হতে হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষায় কমপক্ষে ১ (এক) বছর মেয়াদী উচ্চতর প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী বা উচ্চতর ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ৩ | হিসাবরক্ষক<br>০১ (এক) জন | ৬৪০০-৪১৫×৭-৯৩০৫/-ইবি ৪৫০×১১-১৪২৫৫/- | অনূর্ধ্ব ৩০ বছর | ০১। স্বীকৃতি প্রাপ্ত যে কোন বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিভাগে স্নাতক ডিগ্রীসহ স্বীকৃত সরকারি/বে-সরকারি প্রতিষ্ঠানে হিসাবরক্ষক অথবা ক্যাশিয়ার পদে কমপক্ষে ০৩ (তিন) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে অথবা<br>০২। এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ স্বীকৃত সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানে হিসাবরক্ষক অথবা ক্যাশিয়ার পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের চাকুরির বাস্তব অভিজ্ঞতা অগ্রাধিকারযোগ্য। |
| ৪ | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর<br>০১ (এক) জন | ৪৭০০-২৬৫×৭-৬৫৫৫/-ইবি ২৯০×১১-৯৭৪৫/- | অনূর্ধ্ব ৩০ বছর | ০১। এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার পরিচালনায় বাংলা প্রতি মিনিটে ২০ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দ মুদ্রণে পারদর্শী হতে হবে।<br>০২। স্বীকৃত সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানে অফিস সহকারী বা অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর পদে কমপক্ষে ০১ (এক) বছরের চাকুরির বাস্তব অভিজ্ঞতা অগ্রাধিকারযোগ্য। |
| ৫ | নৈশ প্রহরী<br>০১ (এক) জন | ৪১০০-১৯০×৭-৫৪৩০/-ইবি ১১০×১১-৪৩১০/- | অনূর্ধ্ব ৩০ বছর | অষ্টম শ্রেণী পাশ। |
| ৬ | সুইপার<br>০১ (এক) জন | ৪১০০-১৯০×৭-৫৪৩০/-ইবি ১১০×১১-৬৬৪০/- | অনূর্ধ্ব ৩০ বছর | অষ্টম শ্রেণী পাশ। |

**আবেদনের শর্তাবলীঃ**

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

০২। অধ্যক্ষ, পাবনা হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল, পাবনা বরাবর আবেদন করতে হবে।

০৩। খামের উপরে মোটা অক্ষরে পদের নাম এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

০৪। বিভাগীয় (চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য) প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। আবেদনের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০৫। লিখিত আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে: ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ। খ) সকল প্রকার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি। গ) সাম্প্রতিক তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত। ঘ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র। ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের সত্যায়িত কপি।

০৬। প্রভাষক ও মেডিকেল অফিসার পদের ক্ষেত্রে প্রার্থীর বয়স ১৮-৩২ বছর এবং অন্যান্য পদের ক্ষেত্রে বয়স ১৮-৩০ বছর হতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখা হতে জারীকৃত ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নং স্মারকপত্র মোতাবেক বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদে আবেদনের ক্ষেত্রে প্রার্থীর বয়স ২৫-০৩-২০২০ খ্রি. তারিখ সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে আবেদন করতে পারবেন।

০৭। প্রভাষক ও মেডিকেল অফিসার পদের ক্ষেত্রে ১,০০০/- (এক হাজার) টাকা ও অন্যান্য পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা ব্যাংক ড্রাফট (অফেরত যোগ্য) আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে। উল্লেখ্য, ব্যাংক ড্রাফটটি অধ্যক্ষ, পাবনা হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালের অনুকূলে করতে হবে।

০৮। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় কাগজপত্রাদীর মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে।

০৯। আগামী ১৫ নভেম্বর ২০২২ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদন ডাকযোগে অধ্যক্ষ, পাবনা হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল বরাবর পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১০। নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সঙ্গে নিজের নাম ও ঠিকানা সংবলিত ১৫/- (পনেরো) টাকার ডাকটিকিট লাগানো ৯.৫"×৪.৫" সাইজের একটি আলাদা খাম সংযুক্ত করতে হবে।

১১। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি বাতিল করার এবং বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা কম বা বেশি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

25/10/2022

(ডাঃ মোঃ আব্দুস ছালাম)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) ও সহযোগী অধ্যাপক
পাবনা হোমিওপ্যাথিক মেডিকেল
কলেজ ও হাসপাতাল, পাবনা।

পিসি-১৫৪০/২২